# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৭৭৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ “কুরআন থেকে যা তোমাদের জন্য সহজ হয়, তা তোমরা পাঠ করো” মহান আল্লাহর এই বাণীর ব্যাখ্যাকারী হাদীসসমূহ

ذكر الْأَخْبَارِ المفسرة لقوله جل وعلا: {فاقرؤوا مَا تَيَسَّرَ مِنْهُ}

আরবী

1778 ـ أَخْبَرَنَا خَالِدُ بْنُ النَّضْرِ بْنِ عَمْرٍو الْقُرَشِيُّ بِالْبَصْرَةِ أَبُو يَزِيدَ الْعَدْلُ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَاحِدِ بْنُ غِيَاثٍ قَالَ: حَدَّثَنَا أَبُو عَوَانَةَ عَنْ رَقَبَةَ بْنِ مَسْقَلَةَ عَنْ عَطَاءٍ عَنْ أَبِي هُرَيْرَةَ: قَالَ: كُلُّ الصَّلَاةِ يُقْرَأُ فِيهَا فَمَا أَسْمَعَنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَسْمَعْنَاكُمْ وَمَا أَخْفَى مِنَّا أَخْفَيْنَا مِنْكُمْ.

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1778 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (762)

বাংলা

১৭৭৮. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “প্রত্যেক সালাতে কিরা‘আত পাঠ করতে হয়। কাজেই যেখানে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে কিরা‘আত পাঠ শুনাতেন, আমরাও তোমাদের তা শুনাবো আর যেখানে তিনি আমাদেরকে না শুনিয়ে কিরা‘আত আস্তে পড়েছেন, আমরাও সেখানে তোমাদেরকে আস্তে পড়ে শুনাবো।”[1]

ফুটনোট

[1] তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/২০৮; নাসাঈ: ২/১৬৩; সহীহ মুসলিম: ৩৯৬; আবূ আওয়ানা: ২/১২৫; সুনান বাইহাকী: ২/৪০; মুসনাদ আহমাদ: ২/২৫৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৬২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90994

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন